

আজবিকাশ

আজবিকাশ Thursday 2 April 2009

চৈত্রাবসানে বৈশাখী মেজাজ

মণিস্কোয়ারে বৈশাখী বোনানজা

শ্রেয়সী পাল | আই জে এস

বিনোদনের নতুন ঠিকানা এখন থ্রি-ডি অ্যানিমেশন মুভি হল আইম্যাক্স। তাও মাত্র ২১ টাকায়। তা বলে ভাববেন না যেন এপ্রিল ফুল করছি। বরং বলতে পারেন এপ্রিল শপিং

রেস্টুরেন্টে এ লাঞ্ছের ওপর রয়েছে ২১ শতাংশ ছাড়। শুধু তাই নয়, সঙ্গে থাকছে বিভিন্ন ধরণের গিফট ভাউচারও। তবে এই মন্ডার বজোরে

আইম্যাক্সের ২০০

টাকার টিকিট ২১ টাকায় করার পেছনে বানিজ্যিক ব্যর্থতার আভাস রয়েছে কিনা সে বিষয় একটু সন্দেহ থেকেই যায়।

চৈত্রের কেনাকাটা এবার কিরকম?


আই জে এস নিউজ সার্ভিস

পয়লা বৈশাখ আসছে।

বাঙালীর চিরস্তন আবেগের প্রকাশ কতটা স্বতঃস্ফূর্ত? বিশ্বজুড়ে আর্থিক মন্দা আপামোর জনসাধারণকেই

উৎসবের আনন্দে মেতে উঠতে চায় সকলেই। রাজনৈতিক অস্থিরতা, সন্ত্রাসবাদী আক্রমণ মানুষের জীবনযাত্রাকে প্রতিনিয়ত প্রভাবিত করছে। ঘরে বসে থেকে কেউ জীবনের আনন্দকে উপেক্ষা করতে চায় না। আনন্দের রঙ মেখে নিতে চায় সকলেই। তেমনই নানা উৎসবের মাঝে বাংলা নতুন বছর দোরগোড়ায় এসে পৌঁছেছে। বাঙালি মাত্রই আবেগ প্রবণ। আর সেই আবেগপ্রবণতা থেকেই উৎসবের শুরু।

তাই অর্থ যতই কম থাকুক বাঙালি কিন্তু চৈত্রের কেনা কাটায় এখনও আগের মতোই উদ্বেলিত। সেখানে কোন ভাঁটার টান চোখে পড়ে না। জীবনের নিতানতুন ছন্দে মেতে উঠে তাই বৈশাখকে স্বাগত জানাতে প্রস্তুত বাঙালি। 'এস হে বৈশাখ এস এস' এই আহ্বানে সাড়া দিয়ে প্রতিটা বাঙালি আজও পয়লা বৈশাখ নতুন পোশাকে সজ্জিত হয়। অবশ্য এর ব্যতিক্রমও আছে। কিন্তু সেই ব্যতিক্রমতার কথা বলে পরিবেশকে ভরাক্রান্ত করতে চাই না। কলকাতার বড় বড় হাটে বাজারে এখন চৈত্রের কেনা কাটার তৎপরতা চলেছে। স্বভাবতই এতে খুশি ক্রেতা এবং বিক্রেতা উভয় পক্ষই।



সেল-সেল-সেল। গড়িয়াহাট থেকে হাতিবাগান। সেলের বাজার শুরু হয়ে গেছে জোরকদমে। মধ্যবিত্ত বাঙালির সারা বছরের শপিং-এর উপযুক্ত সময়। কিন্তু সেলের বাজারে ২১ টাকা দিয়ে কি পাবেন বলুন তো? দুটো রুমাল ছাড়া আর কিছু জুটবে বলে মনে হয় না। তাহলে গড়িয়াহাট ছেড়ে একবার আসুন না এয়ার কন্ডিশন শপিং মলে। সেলের বাজারে মাত্র ২১ টাকায় পেয়ে যাবেন চশমা পরে সিনেমার দেখার অভিজ্ঞতা। আপনার হাতের নাগালেই থাকবে সিনেমা স্ক্রিন। সমুদ্রের দৃশ্য দেখলে মনে হবে আপনার সামনে সিটগুলো সব জলের তলায়। কিন্তু ভুল করেও হাত বাড়াতে যাবেন না। সবটাই বৈজ্ঞানিক কারিগরী। কলকাতাবাসীর

বোনানজা। বাইপাসের শপিং মল মণি স্কোয়ারে শুরু হল বৈশাখী ব্লাস্ট। চলবে ১৪ ই এপ্রিল পর্যন্ত। ফুড কোর্ট থেকে আরম্ভ করে বাচ্চাদের



খেলা, সিনেমার টিকিট সবই পাবেন ২১ টাকায়। এমনকি ফাইন ডাইনিং

গ্রাস করেছে। তবুও উৎসব আসে।

Candid Communication

6-B, Dr. Rajendra Prasad Sarani, (Clive Row) 2nd floor, Kolkata - 70000†

Phone : 033-6535 3690, Telefax : 033-2230 4984, E-mail : info@candidcommunication.net